**REGIONAL NEWS UNIT**
**ALL INDIA RADIO, AGARTALA**
**Date: 25-05-2026**
**Time: 07:55-08:05 PM Hrs**
**BENGALI EVENING BULLETIN**

---

## Headlines :

**(১) রাজ্য সরকারের প্রতিটি অফিস এখন থেকে সপ্তাহের প্রত্যেক শনি ও রবিবার বন্ধ থাকবে। গ্রুপ সি ও ডি কর্মীদের রোস্টার পদ্ধতি প্রত্যাহার।**

**(২) রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যায় রাষ্ট্রপতি ভবনে প্রথম নাগরিক সম্মাননা অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ৬৬ জন ব্যক্তিদের পদ্ম পুরস্কার প্রদান করেন।**

**(৩) ইদুজ্জোহার ছুটির কারণে আগামী ২৮শে মে নির্ধারিত NEET-UG-র পরীক্ষা স্থগিত রাখা হয়েছে।**

**(৪) টিসিএ পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় আজ ২টি খেলা হয়।**

**********************************

**Cabinet Dicision :**

রাজ্য সরকারের প্রতিটি অফিস এখন থেকে সপ্তাহের প্রত্যেক শনি ও রবিবার বন্ধ থাকবে। এই পরিপ্রেক্ষিতে সপ্তাহের বাকি দিনগুলিতে অফিস চলাকালীন সময় বৃদ্ধি করা হয়েছে। আজ মন্ত্রিসভার বৈঠকে এই সিদ্ধান্ত গ্রহণ করা হয়। মন্ত্রিসভার সিদ্ধান্ত বিস্তারিত উল্লেখ করে পর্যটন মন্ত্রী সুশান্ত চৌধুরী সচিবালয়ে সাংবাদিক সম্মেলনে জানান, এখন থেকে রাজ্য সরকারের প্রতিটি অফিস প্রত্যেক শনি ও রবিবার বন্ধ থাকবে। বাকি দিনগুলিতে অফিস সকাল ১০টার পরিবর্তে ৯টা ৩০ মিনিটে শুরু হবে এবং বিকাল ৫টা ৩০ মিনিটের পরিবর্তে সন্ধ্যা ৬টায় শেষ হবে।

তিনি জানান, সম্প্রতি গ্রুপ সি ও ডি কর্মীদের জন্য যে রোস্টার পদ্ধতি চালু করা হয়েছিল তা আজ থেকে প্রত্যাহার করা হয়েছে। অর্থাৎ প্রত্যেক সরকারি কর্মচারিকেই প্রতিদিন অফিসে আসতে হবে। পর্যটন মন্ত্রী আরো জানান, আজকের মন্ত্রিসভায় তিনটি দপ্তরে মোট ৮১টি শূন্যপদে নিয়োগ করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়েছে। এর মধ্যে তথ্য ও সংস্কৃতি দপ্তরে ৫০টি শূন্যপদে লোক নিয়োগ করা হবে। যে সমস্ত শূন্যপদে নিয়োগ করা হবে সেগুলি হলো রির্পোটার ১৩টি, এল.ডি.সি ২৪টি, কালচারাল অ্যাসিস্টেন্ট ৭টি, ফোক আর্টিস্ট ২টি এবং ১টি করে স্ক্রিপ্ট রাইটার, ট্রান্সলেটার, অ্যাসিস্টেন্ট ফটোগ্রাফার এবং অ্যাসিস্টেন্ট লাইব্রেরিয়ান পদ। তাছাড়া পূর্ত দপ্তরের অধীনে ২৬টি এল.ডি.সি পদে নিয়োগ করা হবে। এই ২৬টি শূন্যপদের মধ্যে ২৩টি জে.আর.বি.টি-র মাধ্যমে এবং বাকি ৩টি এক্স-সার্ভিসম্যান থেকে নিয়োগ করা হবে। তাছাড়া টি.পি.এস.সি-র মাধ্যমে অর্থ দপ্তরের অধীনে ৫টি ইন্সপেক্টর অফ স্মল সেভিংস পদেও নিয়োগ করা হবে।

তিনি আরো জানান, মধ্যপ্রাচ্যের সাম্প্রতিক পরিস্থিতি প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদীর আহ্বানে রাজ্যেও ব্যয় সংকোচনে ইতিমধ্যে বিভিন্ন পদক্ষেপ গৃহীত হয়েছে। এক্ষেত্রে সরকারি বিভিন্ন বৈঠক ভার্চুয়ালভাবে করা, ইলেকট্রিক এবং সি.এন.জি ভেহিক্যালর ব্যবহার বৃদ্ধি, প্রশাসনিক পর্যায়ে গাড়ির ব্যবহার কমানো, বড় আকারে রাজনৈতিক সমাবেশ না করার উপর বিশেষ জোর দেওয়া হচ্ছে। এই সমস্ত সিদ্ধান্ত পালনের জন্য ইতিমধ্যেই সরকারি দপ্তরগুলিকে নির্দেশ দেওয়া হয়েছে।

*****************************

**DM Press Meet :**

পশ্চিম ত্রিপুরা জেলা শাসক ডাঃ বিশাল কুমার আজ আগরতলায় সাংবাদিক সম্মেলনে জানান, ধরতি আবা জনভাগিদারি অভিযানের অন্তর্গত জনজাতি গরিমা উৎসবে সাতদিনে ব্যাপক সাড়া পাওয়া গেছে। গত ১৯শে মে থেকে আজ ২৫শে মে পর্যন্ত পশ্চিম জেলায় ৩৫টি জনজাতি অধ্যুষিত গ্রামে ৬৮টি

শিবির করা হয়েছে। এই শিবিরে ১১ হাজার ১১৭ জন উপকৃত হয়েছেন। জেলা শাসক জানান, শিবিরগুলিতে ৮৩৮ জনকে আধার কার্ড, ৯২৬ জনকে পি.আর.টি.সি, ৩১ জনকে জমির পাট্টা, ২৯৭ জনকে আয়ুষ্মান ভারত স্বাস্থ্য কার্ড, ৪৬ জনকে কিষান ক্রেডিট কার্ড, ৫৫ জনকে রেশন কার্ড দেওয়া হয়েছে। এছাড়া পিএম গরিব কল্যান অন্ন যোজনা, পিএম জন ধন যোজনা, পিএম জীবন জ্যোতি বিমা যোজনা, পিএম কিশান সম্মান নিধি যোজনা, পিএম মাত্রু বন্ধনা যোজনা, পিএম উজ্জলা যোজনা, পিএম বিশ্বকর্মা যোজনায় সাহায্য করা হয়েছে। শিবিরগুলিতে ২ হাজার ৭০০ জন বিনামূল্যে স্বাস্থ্য পরীক্ষার সুযোগ পেয়েছেন। জেলাশাসক আরো জানান, ধরতি আবা জনভাগিদারি যোজনা আরও দুই সপ্তাহ চলবে। এই সময়ে প্রত্যন্ত এলাকায় জনগণের কাছে সরকারি বিভিন্ন সুবিধা পৌঁছে দেওয়া হবে।

****************************

**Sabse Door, Sabse Pehle–Unakoti :**

কেন্দ্রীয় সরকারের বিশেষ জন-অংশগ্রহণমূলক ও প্রচারধর্মী কর্মসূচি "সবসে দূর, সবসে পেহেলে" ভাবনায় পরিসেবামূলক শিবির ঊনকোটি জেলার চারটি ব্লক এলাকায় সম্পন্ন হয়েছে। ঊনকোটি জেলার জেলাশাসক মেঘা জৈন আজ সাংবাদিক সম্মেলনে জানান, এখন পর্যন্ত ঊনকোটি জেলায় ৬৯টি প্রশাসনিক শিবির অনুষ্ঠিত হয়েছে। এই সমস্ত শিবিরে আধার কার্ড, আয়ুষ্মান কার্ড নথীভুক্তিকরণ, পি.আর.টি.সি ম্যারেজ সার্টিফিকেট ইত্যাদি বিতরণ সহ স্বাস্থ্য পরীক্ষা সহ বিনামূল্যে ঔষধপত্র প্রদান করা হয়। প্রায় ২৬ হাজার নাগরিক জেলায় পরিসেবা গ্রহণ করেন।

***************************

**President–Padma Award :**

রাষ্ট্রপতি দ্রৌপদী মুর্মু আজ সন্ধ্যায় রাষ্ট্রপতি ভবনে প্রথম নাগরিক সম্মাননা অনুষ্ঠানে বিভিন্ন ক্ষেত্রে বিশেষ অবদানের জন্য ৬৬ জন ব্যক্তিদের পদ্ম

পুরস্কার প্রদান করেন। এর মধ্যে রয়েছে ২টি পদ্ম বিভূষণ, ৬টি পদ্ম ভূষণ এবং ৫৮টি পদ্মশ্রী। দেশের অন্যতম সর্বোচ্চ বেসামরিক সম্মান এই পদ্ম পুরস্কার, যা ১৯৫৪ সালে প্রবর্তিত হয়, এ বছর মোট ১৩১টি পদ্ম পুরস্কার ঘোষণা করা হয়েছে, যার মধ্যে ১৯ জন মহিলা এবং ১৬ জন মরণোত্তর সম্মানপ্রাপ্ত রয়েছেন। আজ ৬৬ জনের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়, বাকি পদ্ম পুরস্কারগুলি পরবর্তী সময়ে দ্বিতীয় দফার নাগরিক সম্মাননা অনুষ্ঠানে প্রদান করা হবে।

****************************

**Uniform Civil Code :**

কেন্দ্রীয় স্বরাষ্ট্রমন্ত্রী অমিত শাহ বলেছেন যে, সরকার সমস্ত জনজাতি সম্প্রদায়কে অভিন্ন দেওয়ানি বিধি অর্থাৎ ইউ.সি.সি-র আওতা থেকে বাদ দেওয়ার জন্য বিশেষ বিধান করেছে, যাতে তাদের অধিকার সম্পূর্ণরূপে সুরক্ষিত থাকে। নয়াদিল্লিতে জনজাতি সাংস্কৃতিক সমাগমে ভাষণ দিতে গিয়ে শ্রী শাহ বলেন, ইউ.সি.সি কোনো আদিবাসীর অধিকার লঙ্ঘন করবে না।

শ্রী শাহ বলেন, স্বাধীনতা সংগ্রামী ভগবান বিরসা মুন্ডা এই বার্তা দিয়েছেন যে, জনজাতি সম্প্রদায়ের তাদের জমি ও বনের ওপর ন্যায্য মালিকানা রয়েছে এবং কেউ তা দখল করতে পারবে না। তিনি আরো বলেন, জনজাতি কল্যাণে বর্তমানে কেন্দ্রীয় সরকার বাজেট বাড়িয়ে ১ লক্ষ ৫০ হাজার কোটি টাকা করেছে।

***************************

**Hajj :**

পশ্চিম এশিয়ায় উদ্ভূত পরিস্থিতির মাঝেই আজ থেকে শুরু হয়েছে পাঁচ দিনব্যাপী বার্ষিক হজ তীর্থযাত্রা। ভারতসহ বিশ্বের বিভিন্ন প্রান্ত থেকে ৬ লক্ষেরও বেশি ইসলাম ধর্মাবলম্বী মক্কা থেকে তাদের যাত্রা শুরু করে সৌদি আরবের তাঁবুর শহর মিনায় সমবেত হচ্ছেন। তারা সেখানে রাত্রিযাপন

করবেন এবং আগামীকাল ভোরের আলো ফোটার সঙ্গে সঙ্গেই হজের মূল অনুষ্ঠান অর্থাৎ প্রার্থনা নিবেদনের উদ্দেশ্যে আরাফাতের ময়দানের দিকে যাত্রা করবেন। এবারের হজ তীর্থযাত্রায় ভারত থেকে প্রায় ১ লক্ষ ৭৫ হাজার পুণ্যার্থী অংশগ্রহণ করছেন।

***************************

**Update Akashvani :**

এখবর শুনছেন, আকাশবাণী আগরতলা কেন্দ্র থেকে।

#######Sound Byte#######

আকাশবাণীর সংবাদের আপডেট পেতে লগ ইন করুন – ডব্লিউ. ডব্লিউ. ডব্লিউ ডট নিউজ অন এ আই আর ডট কম এবং নিউজ অন এ-আই-আর অ্যাপ, এবং ট্যুইটার ও ফেসবুক প্লাটফর্মে-এ এ-আই-আর-নিউজ-এলার্টস-এ। ইউ-টিউব-এ লক্ষ্য করুন নিউজ-অন-এআইআর-অফিসিয়াল-এ।

এছাড়াও আকাশবাণী আগরতলার সংবাদ আপডেট পেতে দেখুন ট্যুইটার বা এক্স হ্যান্ডেলে আকাশবাণী নিউজ আগরতলা / ফেসবুকে এ-আই-আর নিউজ আগরতলা এবং ইউ টিউবে আকাশবাণী নিউজ আগরতলা।

**************************

**NTA :**

ন্যাশনাল টেস্টিং এজেন্সি আগামী ২৮শে মে নির্ধারিত কমন ইউনিভার্সিটি এন্ট্রান্স টেস্ট আন্ডার গ্র্যাজুয়েট পরীক্ষা স্থগিত করেছে। এনটিএ জানিয়েছে, সরকারি বিজ্ঞপ্তি অনুযায়ী ইদুজ্জোহার ছুটির তারিখ পরিবর্তনের কারণে এই সিদ্ধান্ত নেওয়া হয়েছে। সংস্থা আরও জানিয়েছে, পরীক্ষার তারিখ শীঘ্রই ঘোষণা করা হবে।

***************************

**Charbak :**

"চার্বাক নাট্য সংস্থা"-র উদ্যোগে আজ অমরপুর মহকুমার থাকছড়া গ্রাম পঞ্চায়েতের হঠাৎ কলোনিতে মুন্ডা সম্প্রদায়ের চল্লিশ জন শিশুকে নিয়ে বারো দিনের গ্রীষ্মকালীন শিশু নাট্যকর্মশালার সূচনা হয়। উপস্থিত ছিলেন পঞ্চায়েত সমিতির ভাইস চেয়ারম্যান শঙ্করানন্দ সাহা, অমরপুর ক্রিকেট এসোসিয়েশনের সম্পাদক উজ্জ্বল দত্ত, থাকছড়া মহিলা বান্ধব গ্রাম পঞ্চায়েতের প্রধান লতা দে এবং সংস্থার সভাপতি প্রদীপ চন্দ্র দাস।

**************************

**Petrol-Disel :**

গতকাল মধ্যরাত থেকে ফের পেট্রোল এবং ডিজেলের দাম বেড়েছে। রাজ্যে পেট্রোল ২ টাকা ৬৪ পয়সা, ডিজেল ২ টাকা ৬৩ পয়সা মূল্য বৃদ্ধি হয়েছে। পেট্রোলের দাম বেড়ে হয়েছে ১০৪ টাকা ৯৩ পয়সা। ডিজেল ৯৩ টাকা ৮৩ পয়সা।

****************************

**Police Officers Arrested :**

মাদক বিরোধী অভিযানে কড়া পদক্ষেপ নিল ত্রিপুরা পুলিশ। নেশাদ্রব্য পাচারে অভিযুক্ত চার পুলিশ অফিসারকে গ্রেপ্তার করেছে ক্রাইম ব্রাঞ্চ। আজ পুলিশ সদর দপ্তর জানিয়েছে, পুলিশ মহানির্দেশক অনুরাগের নির্দেশে অভিযুক্ত এক ইনস্পেক্টর, দুই সাব ইনস্পেক্টর এবং এক এসএসআই-কে গ্রেপ্তার করা হয়েছে। বাজেয়াপ্ত হওয়া এসকাফ সিরাপ থানা থেকে সরিয়ে নেওয়ার ঘটনায় চারজনের বিরুদ্ধে মামলা নেওয়া হয়েছে।

***************************

**Women's Cricket :**

ত্রিপুরা ক্রিকেট এসোসিয়েশন পরিচালিত মেয়েদের ঘরোয়া ক্রিকেট প্রতিযোগিতায় আজ ২টি খেলা হয়। নরসিংগড়ের টি আই টি মাঠে অনুষ্ঠিত খেলায় রামনগর স্পোর্টিং ক্লাব ৩৪ রানে ইউনাইটেড বি এস টি-কে এবং

নরসিংগড়ের পি টি এ মাঠে তরুণ সংঘ কোচিং সেন্টারের ১০ উইকেটে প্রগতি প্লে সেন্টারকে পরাজিত করে। অপর দুটি খেলা বৃষ্টিতে পরিত্যক্ত হয়।

**************************

**Maan Ki Baat :**

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী আগামী ৩১শে মে, রবিবার সকাল ১১টায় আকাশবাণীর 'মন-কি-বাত' অনুষ্ঠানে দেশ-বিদেশের জনগনের সঙ্গে মতবিনিময় করবেন। এটি হবে 'মন-কি-বাত'-এর ১৩৪ তম পর্ব। প্রধানমন্ত্রী জনগনকে তাদের সুচিন্তিত চিন্তাভাবনা 'মন-কি-বাত'-এ জানানোর আহ্বান জানিয়েছেন। my gov open forum-এ এবং Narendra Modi App-এ জনগণ তাদের মতামত পাঠাতে পারবেন। এছাড়াও TOLL FREE NO. ১৮০০-১১-৭৮০০ নম্বরে কল করে হিন্দি বা ইংরেজিতে মতামত রেকর্ড করানো যাবে। তাছাড়া ১৯২২ নম্বরে মিসড কল দিয়ে যে লিঙ্ক পাওয়া যাবে তাতেও মতামত জানানো যাবে। ফোনলাইন এমাসের ২৯ তারিখ পর্যন্ত খোলা থাকবে।

******************************

**Weather :**

আগামী ২৪ ঘন্টায় পশ্চিম জেলা, ধলাই জেলা, ঊনকোটি, খোয়াই, উত্তর, দক্ষিণ ও সিপাহীজলা জেলায় বজ্রবিদ্যুৎ সহ ভারী বৃষ্টিপাতের সম্ভাবনা জারি করেছে আবহাওয়া দপ্তর। আগামীকাল দিনের সর্বোচ্চ তাপমাত্রা ৩৪ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৪ ডিগ্রি সেলসিয়াসের কাছাকাছি থাকতে পারে। আজ দিনের সর্বোচ্চ তাপমাত্রা ছিল ৩১.২ ডিগ্রি সেলসিয়াস এবং সর্বনিম্ন ২৩.৪ ডিগ্রি সেলসিয়াস। বিকেল সাড়ে পাঁচটা পর্যন্ত আগরতলায় বৃষ্টি হয়েছে ৪০.৬ মিলিমিটার।

**************************